

0/c

OFFICE OF THE BOARD OF AUQAF, WEST BENGAL
6/2, MADAN STREET, KOLKATA - 700 072.
Email: ceoboardofwakfswb@gmail.com, Phone- 2212-6431/ 2212-6523.

Memo No. : 1192

BOA-18099/9/2017

Dated: #ApprovedDate#

13/09/2022

দরপত্রের বিজ্ঞপ্তি

এতদ্বারা জনসাধারণকে জানানো যাইতেছে যে, আগামী ০৯.১০.২০২২ তারিখ, রবিবার দঃ ২৪ পরগনা জেলার মল্লিকপুর, অবস্থিত হাবিব আব্দুল্লাহ ওয়াকফ এষ্টেট (গনিমা-তুল-খায়ের), প্রাপ্তনে প্রতি বৎসরের ন্যায় এবংসরেও ফতেহা- দোয়াজ- দাহম উদযাপন করা হইবে।

উক্ত ফতেহা- দোয়াজ- দাহম উদযাপন উপলক্ষ্যে যে সকল অস্থায়ী দোকানঘর উক্ত গনিমা-তুল-খায়ের প্রাপ্তন এবং হাবিব আব্দুল্লাহ ওয়াকফ এষ্টেটের জায়গায় বসে, সে সকল অস্থায়ী দোকানঘরের ভাড়া আদায় করার জন্য জনসাধারণের কাছ হতে মুখবন্ধ খামে দরপত্র / টেন্ডার আহ্বান করা হচ্ছে।

উক্ত দরপত্র / টেন্ডার- টি সমষ্টি উন্নয়ন আধিকারিক (B.D.O), বারুইপুর, দঃ ২৪ পরগনা অফিসে সাদা কাগজে দরখাস্তের মাধ্যমে জমা করিতে হইবে।

আবেদনকারিকে খামের উপরে অবশ্যই মোটা অক্ষরে "ফতেহা- দোয়াজ- দাহম উদযাপন উপলক্ষ্যে হাবিব আব্দুল্লাহ ওয়াকফ এষ্টেটের অস্থায়ী দোকানঘরের ভাড়া আদায় করার জন্য দরপত্র / টেন্ডার" কথাটি লিখিতে হইবে।

পশ্চিমবঙ্গ ওয়াকফ বোর্ডের তরফ হইতে ৮০,০০০/- (আশি হাজার টাকা) মাত্র উক্ত দরপত্র / টেন্ডার-এর জন্য নির্ধারন করা হইয়াছে।

উক্ত দরপত্র / টেন্ডার-এর জন্য নিম্নলিখিত শর্তাবলি প্রযোজ্য:

১. দরপত্র / টেন্ডার অবশ্যই ভারতীয় মুদ্রায় উল্লেখ করিতে হইবে,
২. অস্থায়ী দোকানঘরের ইলেকট্রিকের ব্যবস্থা নিজেই করিতে হইবে,
৩. সর্বোচ্চ দরপত্র / টেন্ডার প্রদানকারিকে অস্থায়ী দোকানঘরের ভাড়া আদায় করিবার জন্য অনুমতি প্রদান করা হইবে,
৪. দরপত্র / টেন্ডার জমা দেওয়ার শেষ তারিখ ২১.০৯.২০২২ তারিখ দুপুর ২.০০ টা পর্যন্ত,
৫. দরপত্র / টেন্ডার খোলার তারিখ ২১.০৯.২০২২ তারিখ দুপুর ৩.০০ টা,
৬. দরপত্র / টেন্ডার খোলার সময় প্রদানকারি অথবা তাহার প্রতিনিধিকে উপস্থিত থাকিতে হইবে,
৭. সর্বোচ্চ দরপত্র / টেন্ডার প্রদানকারিকে Chief Executive Officer, Board of Auqaf, W.B. - এর নামে ব্যাঙ্ক ড্রাফট করে তাহা সমষ্টি উন্নয়ন আধিকারিক (B.D.O), বারুইপুর, দঃ ২৪ পরগনা অফিসে জমা করিতে হইবে,
৮. ব্যাঙ্ক ড্রাফট জমা দেওয়ার পর সমষ্টি উন্নয়ন আধিকারিক (B.D.O), বারুইপুর, দঃ ২৪ পরগনা অফিস হইতে সর্বোচ্চ দরপত্র / টেন্ডার প্রদানকারিকে অস্থায়ী দোকানঘরের ভাড়া আদায় করিবার জন্য অনুমতি প্রদান করা হইবে।



13/9/2022
মুখ্যকার্যনিবাহি আধিকারিক
পশ্চিমবঙ্গ ওয়াকফ বোর্ড